| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসেরনাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মসূচি | সেবাপ্রদানেরপদ্ধতি (সংক্ষেপে) | সেবা প্রাপ্তির প্রয়োজনীয় সময় ও খরচ | সংশ্লিষ্টআইন-কানুন / বিধি-বিধান/ নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ |
| ০১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | **সাধারণ:**মন্ত্রণালয় বাজেট বরদ্দ হতে কয়েক ধাপে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অনুকূলে বরাদ্দ প্রদান করে । দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর উপজেলার আয়তন, জনসংখ্যা ও দুস্থতার ভিত্তিতে জেলা প্রশাসক বরাবর বরাদ্দ প্রদান করে। জেলা প্রশাসক একই নিয়মে উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার বরাবর উপ-বরাদ্দ প্রদান করেন। উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার ইউনিয়ন পরিষদের আয়তন ও জনসংখ্যার ভিত্তিতে বন্টন করেন। বরাদ্দের অনুকূলে প্রকল্প গ্রহণেরর মাধ্যমে ইউনিয়ন পরিষদ প্রজেস্ট ইমপ্লিমেন্টেশন কমিটি (পিআইসি)-এর মাধ্যমে বাস্তবায়ন করে থাকে।<br><br>**বিশেষ:**মন্ত্রণালয় হতে মহা-পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর বরাদ্দ প্রদান করা হয়। মহা-পরিচালক নির্বাচনী এলাকা ভিত্তিক সংশ্লিষ্ট সংসদ সদস্য বরাবর বরাদ্দ প্রদান করে। সংসদ সদস্যগণ প্রকল্প গ্রহণ করে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে বাস্তবায়নের জন্য জেলা প্রশাসন বরাবর প্রেরণ করেন। জেলা প্রশাসক জিও করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রদান করেন এবং মাননীয় সংসদ সদস্য কর্তৃক অনুমোদিত প্রকল্প কমিটির মাধ্যমে তা বাস্তবায়ন করা হয়। | সময়: বরাদ্দ প্রদান হতে ৬০ দিন। তবে সরকার প্রয়োজন মনে করলে তা বৃদ্ধি করতে পারে<br><br>**খরচ:** বিনামূল্যে | গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/ কাবিটা) বাস্তবায়ন নীতিমালা ২০১৩-২০১৪ | জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার/ জেলা প্রশাসক |
| ০২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | কাবিখা/ কাবিটা/ টিআর (সাধারণ ও বিশেষ) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | **সাধারণ:**মন্ত্রণালয় বাজেটবরাদ্দ হতে কয়েক ভাগে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অনুকূলে বরাদ্দ প্রদান করে । দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর উপজেলার আয়তন, জনসংখ্যা ও দু:স্থতার ভিত্তিতে জেলা প্রশাসক বরাবর বরাদ্দ প্রদান করে। জেলা প্রশাসক একই নিয়মে উপজেলা নির্বাহী অফিসার বরাবর উপবরাদ্দ প্রদান করে থাকেন। উপজেলা নির্বাহী অফিসার আয়তন ও জনসংখ্যার ভিত্তিতে উপ-বরাদ্দ প্রদান করেন। বরাদ্দের অনুকূলে সংশ্লিষ্ট প্রকল্পের পিআইসি'র মাধ্যমে ইউনিয়ন পরিষদ প্রকল্প বাস্তবায়ন করে।<br><br>**বিশেষ:**মন্ত্রণালয়বাজেট বরাদ্দ করে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর বরাদ্দ প্রদান করে থাকে। মহাপরিচালক নির্বাচনী এলাকা ভিত্তিক বিভাজন করে সংসদ সদস্যদের অনুকূলে জেলা প্রশাসক বরাবর বরাদ্দপত্র প্রেরণ করেন। সংসদ সদস্যগণ প্রকল্প গ্রহণ করে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসক বরাবর প্রেরণ করেন। জেলা কর্ণধার কমিটিতে প্রেরণের পর জেলা প্রশাসক অনুমোদিত তালিকা উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রদান করেন এবং মাননীয় সংসদ সদস্য কর্তৃক অনুমোদিত প্রকল্প কমিটির মাধ্যমে তা বাস্তবায়ন করা হয়। | সময়: ৫০দিন<br><br>**খরচ:** বিনামূল্যে | গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টি,আর) কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা২০১৩-২০১৪ | জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার/ জেলা প্রশাসক |

| ক্রমিক নং | সেবা প্রদানকারী অফিসেরনাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মসূচি | সেবাপ্রদানেরপদ্ধতি (সংক্ষেপে) | সেবা প্রাপ্তির প্রয়োজনীয় সময় ও খরচ | সংশ্লিষ্টআইন-কানুন / বিধি-বিধান/ নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ |
| | | | | | | | |
| ০৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | **অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | মন্ত্রণালয় জনসংখ্যা ও দুঃস্থতার ভিত্তিতে উপজেলা ভিত্তিক বরাদ্দ কর্মসূচি পরিচালক বরাবর প্রদান করে। কর্মসূচি পরিচালক তা উপজেলা প্রশাসনে প্রেরণ করে, জেলা প্রশাসক তা উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করেন। উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার নামে যৌথভাবে পরিচালিত হিসাবে বরাদ্দের টাকা জমা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার জনসংখ্যা ও আয়তন অনুসারে বরাদ্দকৃত কার্ড সংখ্যা পুনঃ বন্টন করেন এবং প্রতি ইউনিয়নের জন্য ট্যাগ অফিসার নিয়োগ করেন। ইউনিয়ন কমিটি বরাদ্দ অনুসারে শ্রমিক বাছাই করেন এবং তাদের স্ব স্ব নামে ১০.০০ টাকার মাধ্যমে নিকটতম ব্যাংকে হিসাব খোলেন। উপজেলার ব্যাংক হিসাব হতে ইউনিয়ন কমিটি ব্যাংকে বরাদ্দ অনুযায়ী টাকা প্রেরণ করা হয়। শ্রমিকের ব্যাংক হিসাব খোলার পর কাজ শুরু করা হয় এবং প্রতি সপ্তাহের বৃহস্পতিবার ইউনিয়ন হিসাব হতে শ্রমিকের হিসাবে টাকা স্থানান্তর করা হয়। | সময়: ৪০দিন<br><br>**খরচ:** বিনামূল্যে | অতিদরিদ্রদের জন্য কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা ২০১৩-২০১৪ | জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার/ জেলা প্রশাসক |
| ০৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | ভিজিএফ কর্মসূচি | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | দরিদ্র জনগোষ্ঠিকে খাদ্য নিরাপত্তা প্রদানের লক্ষ্যে ভিজিএফ কর্মসূচি বাস্তবায়ন করা হয়ে থাকে। অতি দরিদ্র/দিনমজুর বছরের যে সময়ে কাজ থাকে না। সেই সময় মন্ত্রণালয় জেলা প্রশাসক বরাবর বরদ্দ প্রদান করে থাকে। জেলা প্রশাসক মন্ত্রণালয়ের বরাদ্দের আলোকে উপজেলা নির্বাহী অফিসার অনুকুলে বরাদ্দ প্রদান করে। উপজেলা নির্বাহী অফিসার ইউনিয়ন কমিটির মাধ্যমে উপকারভোগীদের তালিকা প্রণয়ন করে খাদ্যসামগ্রী বিতরণ করে থাকেন। | সময়: ১৫দিন<br><br>**খরচ:** বিনামূল্যে | মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা, ২০১২ | ঐ |
| ০৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | ত্রাণ সামগ্রী বিতরণ<br><br>(জিআর, ক্যাশ, শুকনা খাবার, খাদ্যশস্য, ঢেউটিন, তাবু বিতরণ) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | অর্থ বছরের শুরুতে মন্ত্রণালয় প্রত্যেক জেলা প্রশাসক বরাবর নির্দিষ্ট পরিমাণ টাকা বরাদ্দ দেয়া থাকে । জেলাধীন কোন জায়গা বন্যা, ঝড় বা কোন প্রাকৃতিক দূর্রোগ সংঘতিত হলে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সরেজমিন পরদির্শন করে ক্ষতিগ্রস্থলোকদের মধ্যে নগদ সহায়তার জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসকের বরাবর আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে জেলা প্রশাসক বিভিন্ন হারে টাকা বিতরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর চেক প্রদান করেন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কর্তৃক মাস্টার রোলের মাধ্যমে জনপ্রতিনিধির উপস্থিতিতে বিতরণের ব্যবস্থা নেয়া হয় । অর্থ বরাদ্দের ন্যায় খয়রাতি সাহায্য হিসাবে জেলা প্রশাসক বরাবর চাল বরাদ্দ করা হয়। বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগে উপজেলা নির্বাহী অফিসারদের চাহিদা মেতাবেক ক্ষতিগ্রস্থদের মাস্টাররোলের মাধ্যমে বিতরণ করেন। তা ছাড়া এতিমখানা, বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানে ভক্তদের খাবারের জন্য উপজেলা নির্বাহী অফিসারের উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস হতে মাধ্যমে চাল বিতরণ করা হয়। তীব্র মাত্রায় শীতের সময় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর জেলা প্রশাসক বরাবর শীতবস্ত্র প্রদান করেন। জেলা প্রশাসক দারিদ্র্যতার হার বিবেচনা করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর তা পুনঃ বরাদ্দ দেন। উপজেলা প্রশাসন বরাদ্দ পাওয়া শীতবস্ত্র স্থানীয় জনপ্রতিনিধি বা সরাসরি শীতক্লিষ্ট দরিদ্র জনগোষ্ঠীর মাঝে তা বিতরণ করেন । দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর জেলা প্রশাসকদের বরাদ্দ দেন। জেলা প্রশাসক দারিদ্র্যতার হারে তা উপজেলায় বরাদ্দ প্রদান করেন। উপজেলা প্রশাসন নীতিমালা মোতাবেক টিন প্রতি ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্বাচন করেন। মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠান নির্দিষ্ট আবেদন ফরম পুরণ করে, তাতে সংশ্লষ্টি | সময়: আপদকালীন সময়ে তাৎক্ষনিক ভাবে বা আবেদনের আলোকে ১৫ দিনের মধ্যে<br><br>**খরচ:** বিনামূল্যে | মানবিক সহায়তা কর্মসূচিবাস্তবায়ন নীতিমালা, ২০১২ | জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার/ জেলা প্রশাসক |

| ক্রমিক<br><br>নং | সেবা প্রদানকারী অফিসেরনাম | সেবার নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মসূচি | সেবাপ্রদানেরপদ্ধতি<br><br>(সংক্ষেপে) | সেবা প্রাপ্তির প্রয়োজনীয় সময় ও খরচ | সংশ্লিষ্টআইন-কানুন<br><br>/ বিধি-বিধান/ নীতিমালা | নির্দিষ্ট সেবা পেতে<br><br>ব্যর্থ হলে পরবর্তী<br><br>প্রতিকারকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|
| **ক** | **খ** | **গ** | **ঘ** | **ঙ** | **চ** | **ছ** | **জ** |
| | | | | ইউপি চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং মাননীয় সংসদ সদস্যের সুপারিশ গ্রহণ করেন। সুপারিশের ভিত্তিতে প্রকল্প বাস্তবায়ন অফিস হতে গরীবদের মধ্যে ঢেউটিন বিতরণ করা হয়। | | | |
| ০৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | সেতু কালভার্ট নির্মাণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর সংশ্লষ্টি উপজেলা বরাবর বরাদ্দ প্রদান করে ব্রীজ নির্মাণের জন্য প্রস্তাব পাঠানোর জন্য বলা হয়। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হাইড্রোলিক ডাটাসহ ব্রীজ নির্মাণের স্থানের ছবিসহ সংশ্লষ্টি মাননীয় সংসদ সদস্যের সুপরিশ নিয়ে দুর্যোগ ব্যবস্থাপনা অধদিপ্তরে প্রেরণ করেন। প্রস্তাব অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী সরেজমিন যাচাই বাছাই করার পর পুনর্বাসন অধিদপ্তর কেন্দ্রীয়ভাবে দরপত্র আহ্বান করে। দরপত্র উপজেলা কর্তৃপক্ষের নিকট দাখিলের পর যাচাই-বাছাই এবং মূল্যায়নের পর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঠিকাদারকে চুক্তিপত্র এবং নিরাপত্তা জামানত জমা দেয়ার জন্য পত্র প্রদান করেন এবং কার্যাদেশ প্রদান করেন। কার্যাদেশ দেয়ার পর, কার্যাদেশের কপি, তুলনামূলক বিবরণী, চুক্তিনামার কপি ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে পাঠাতে হয়। সংশ্লষ্টি কাগজপত্র দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে হস্তান্তররে পর , বরাদ্দ প্রদান করা হয়, ব্রীজ সম্পূর্ণ বাস্তবায়নের পর দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে চুড়ান্ত প্রাক্কলন অনুমোদনের পর শতভাগ বিল পরিশোধ করা হয়। | সময়: ৭৫ দিন<br><br>**খরচ:** বিনামূল্যে | সেতু কালভাট বাস্তবায়ন নীতিমালা ২০১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |